# ইসরায়েলি হামলায় হুতিদের সামরিক প্রধান মোহাম্মদ আল-ঘামারি নিহত



সংগৃহীত ছবি

ইসরায়েলি বিমান হামলায় ইয়েমেনের হুতি বিদ্রোহী গোষ্ঠীর শীর্ষ সামরিক নেতা মেজর জেনারেল মোহাম্মদ আল-ঘামারি নিহত হয়েছেন। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে হুতিরা। হামলাটি গত মাসের শেষের দিকে হুতি নিয়ন্ত্রিত এলাকায় চালানো হয়েছিল বলে ধারণা করা হচ্ছে।

ইসরায়েলের সাম্প্রতিক বিমান হামলায় প্রাণ হারিয়েছেন ইয়েমেনের হুতি বিদ্রোহীদের সামরিক প্রধান মেজর জেনারেল মোহাম্মদ আল-ঘামারি। বৃহস্পতিবার (১৬ অক্টোবর) এক আনুষ্ঠানিক বিবৃতিতে তার মৃত্যুর খবর নিশ্চিত করে হুতি নেতৃত্ব।

আল জাজিরা ও বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, গত মাসের শেষদিকে ইয়েমেনের উত্তরাঞ্চলে হুতি নিয়ন্ত্রিত একাধিক এলাকায় ইসরায়েলি বাহিনী বিমান হামলা চালায়। ওই হামলায় অন্তত ৯ জন নিহত হন। ধারণা করা হচ্ছে, সেই হামলাতেই নিহত হন মেজর জেনারেল আল-ঘামারি।

২০১৬ সালে হুতি সামরিক শাখার চিফ অব স্টাফ হিসেবে দায়িত্ব নেন আল-ঘামারি এবং একই বছরে মেজর জেনারেল পদে উন্নীত হন। ২০২১ সালে তিনি আবদুল খালেক আল-হুতির স্থলাভিষিক্ত হয়ে কমান্ডার-ইন-চিফের দায়িত্ব গ্রহণ করেন।

হুতিদের পক্ষ থেকে আল-ঘামারির মৃত্যু ‘বড় ক্ষতি’ বলে উল্লেখ করা হয়েছে এবং ইসরায়েলের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার হুমকিও দেওয়া হয়েছে।